বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।
নিরীক্ষা বিভাগ

"পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন"
ফোন ঃ ৯৫৬৮১১৭
E-mail: dgmaudit2@krishibank.org.bd

নং-প্রকা/নিবি/ইউনিট-০১/বিশেষ নিরীক্ষা-০৯(২%)/২০১৯-২০২০/৬৪২(৬৩) তারিখ ঃ ২৬.০৯.২০১৯ খ্রিঃ

সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা।
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ ঋণ পুনঃতফসিল ও এককালীন এক্সিট সংক্রান্ত বিশেষ নীতিমালা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগ-১ এর পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১২/২০১৯, তারিখ ১৯/০৫/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫ তারিখঃ ১৬/০৫/২০১৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বর্ণিত সার্কুলারের মর্মানুযায়ী বিভিন্ন নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে ব্যবসায়ী/শিল্প উদ্যোক্তাগণ ক্ষতিগ্রস্থ হওয়ায় ব্যাংকের ঋণ অনেক ক্ষেত্রেই নিয়মিতভাবে পরিশোধিত হচ্ছে না এবং সংশ্লিষ্ট ঋণ বিরূপভাবে শ্রেণিকৃত হয়ে পড়ায় ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে। এ প্রেক্ষিতে, উৎপাদনশীল খাতসহ অন্যান্য খাতে স্বাভাবিক ঋণ প্রবাহ বজায় রাখাসহ ব্যাংকিং খাতের বিরূপভাবে শ্রেণিকৃত ঋণ নিয়মিতভাবে আদায়ের লক্ষ্যে কতিপয় সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। বর্ণিত প্রেক্ষাপটে যে সকল ঋণ ৩১/১২/২০১৮ তারিখে মন্দ/ক্ষতিজনক মানে শ্রেণিকৃত হয়েছে সে সকল ঋণগ্রহিতার ঋণ নিম্নোক্ত ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে পুনঃতফশিল/এক্সিট সুবিধা প্রদান করা যাবেঃ

ক) ট্রেডিং খাত (গম, খাদ্য দ্রব্য, ভোজ্যতেল ও রিফাইনারী), জাহাজ শিল্প (শিপ-ব্রেকিং ও শিপ-বিল্ডিং) এবং লৌহ ও ইস্পাত শিল্প যেখানে ব্যাংকের বিপুল অংকের বিনিয়োগ রয়েছে;
খ) বিশেষায়িত ব্যাংকে অকৃষি খাতের আমদানি-রপ্তানিতে সম্পৃক্ত শিল্প ঋণ; এবং
গ) অন্যান্য খাতে ব্যাংক কর্তৃক বিশেষ নিরীক্ষার মাধ্যমে চিহ্নিত প্রকৃত ব্যবসায়ী যাদের ঋণ নিয়ন্ত্রণ বহির্ভূত কারনে মন্দ/ক্ষতিজনক মানে শ্রেণীকৃত হয়েছে।

০৩। বিআরপিডি সার্কুলার নং-০৫ তারিখঃ ১৬/০৫/২০১৯ এর ০১(গ) নং সিদ্ধান্ত-'অন্যান্য খাতে ব্যাংক কর্তৃক বিশেষ নিরীক্ষার মাধ্যমে চিহ্নিত প্রকৃত ব্যবসায়ী যাদের ঋণ নিয়ন্ত্রণ বহির্ভূত কারনে মন্দ/ক্ষতিজনক মানে শ্রেণীকৃত হয়েছে'- বাস্তবায়নের লক্ষ্যে বিশেষ নিরীক্ষার আবশ্যকতা রয়েছে। উক্ত বিশেষ নিরীক্ষার কার্যক্রম অত্র ব্যাংকের কোন অফিস/কার্যালয় কর্তৃক সম্পাদন করা হবে (বিশেষ করে ১৬টি এডি শাখা) সে বিষয়ে কোন সুস্পষ্ট নির্দেশনা না থাকায় নানাবিধ জটিলতা সৃষ্টি হচ্ছে।

০৪। এমতাবস্থায়, বর্ণিত সার্কুলারের নির্দেশনা দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে বিশেষ নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্তভাবে বিশেষ নিরীক্ষা টিম গঠন করা হলোঃ

| ক্রমিক নং | কার্যালয়/শাখার নাম | বিশেষ নিরীক্ষার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | নিরীক্ষা কার্যক্রম মনিটরিং এর দায়িত্বপ্রাপ্ত নির্বাহী |
|---|---|---|---|
| ১ | স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা | (ক) স্থানীয় মুখ্য কার্যালয়ের ঋণ সেকশনের দায়িত্ব প্রাপ্ত উপ-মহাব্যবস্থাপক ও একজন কর্মকর্তা।<br>(খ) প্রধান কার্যালয়ের নিরীক্ষা বিভাগের আওতাধীন ইউনিট-১ এর সহকারী মহাব্যবস্থাপক ও একজন কর্মকর্তা। | মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা। |
| ২ | কাওরানবাজার, বনানী ও নারায়নগঞ্জ কর্পোরেট শাখা | (ক) বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা এর উপ-মহাব্যবস্থাপক ও একজন কর্মকর্তা।<br>(খ) সংশ্লিষ্ট কর্পোরেট শাখার উপ-মহাব্যবস্থাপক ও ঋণ সেকশনের দায়িত্ব প্রাপ্ত একজন কর্মকর্তা। | মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, ঢাকা। |
| ৩ | আগ্রাবাদ ও চট্টগ্রাম কর্পোরেট শাখা | (ক) বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম এর উপ-মহাব্যবস্থাপক ও একজন কর্মকর্তা।<br>(খ) সংশ্লিষ্ট কর্পোরেট শাখার উপ-মহাব্যবস্থাপক ও ঋণ সেকশনের দায়িত্ব প্রাপ্ত একজন কর্মকর্তা। | মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম। |

চলমান পাতা-০২

| ক্রমিক নং | কার্যালয়/শাখার নাম | বিশেষ নিরীক্ষার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | নিরীক্ষা কার্যক্রম মনিটরিং এর দায়িত্বপ্রাপ্ত নিবার্হী |
|---|---|---|---|
| ৪ | খুলনা কর্পোরেট শাখা | (ক) বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, খুলনা এর উপ-মহাব্যবস্থাপক ও একজন কর্মকর্তা।<br>(খ) সংশ্লিষ্ট কর্পোরেট শাখার উপ-মহাব্যবস্থাপক ও ঋণ সেকশনের দায়িত্ব প্রাপ্ত একজন কর্মকর্তা। | মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, খুলনা। |
| ৫ | সিলেট কর্পোরেট শাখা | (ক) বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট এর উপ-মহাব্যবস্থাপক ও একজন কর্মকর্তা।<br>(খ) সংশ্লিষ্ট কর্পোরেট শাখার উপ-মহাব্যবস্থাপক ও ঋণ সেকশনের দায়িত্ব প্রাপ্ত একজন কর্মকর্তা। | মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, সিলেট। |
| ৬ | অন্যান্য সকল শাখা (এডি শাখাসহ) | (ক) সংশ্লিষ্ট আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় এর আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা ও একজন কর্মকর্তা।<br>(খ) সংশ্লিষ্ট শাখার ব্যবস্থাপক/সংশ্লিষ্ট মাঠ কর্মকর্তা। | সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক। |

০৬। আলোচ্য বিশেষ নিরীক্ষা কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে সম্পাদন পূর্বক নিরীক্ষা প্রতিবেদন সংশ্লিষ্ট কার্যালয়/শাখায় প্রেরন করতে হবে। বিশেষ নিরীক্ষার জন্য গঠিত টিমসমূহের Terms of Referance (TOR) হবে নিম্নরূপঃ

০১) ৩১/১২/২০১৮ স্থিতি ভিত্তিক মন্দ/ক্ষতিজনক মানে শ্রেণিকৃত খেলাপী ঋণ গ্রহিতা যারা উক্ত সার্কুলারের আওতায় সুবিধা নিতে আগ্রহী তাদের সুদ মওকুফের আবেদনের প্রেক্ষিতে বিশেষ নিরীক্ষা পরিচালনা করা।

০২) বিশেষ নিরীক্ষার মাধ্যমে ঋণের হিসাবায়ন, ঋণের স্থিতি, ঋনের অবস্থা (ফান্ডেড/নন ফান্ডেড), শ্রেণীকরণ এবং ঋণ হিসাবটি নিয়ন্ত্রণ বহির্ভূত কারনে মন্দ/ক্ষতিজনক মানে শ্রেণীকৃত হয়েছে কি না, তা নিশ্চিত করা।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। উল্লেখ্য বর্তমান পত্র জারির পূর্বে এ সংক্রান্ত যে সকল নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন হয়েছে তা বহাল থাকবে।

০৮। বিষয়টি অত্যন্ত জরুরী।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

২৬/০৯/২০১৯

(রওশন আরা আক্তার মোবাশ্বেরা)
উপ-মহাব্যবস্থাপক
নিরীক্ষা বিভাগ

নং-প্রকা/নিবি/ইউনিট-০১/বিশেষ নিরীক্ষা-০৯(২%)/২০১৯-২০২০/৬৪২(১২৫০) তারিখ ঃ ২৬.০৯.২০১৯ খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো</u> ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
০৫। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের কার্যালয়, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **<u>উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।</u>**
০৮। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, কর্পোরেট শাখাসমূহ।
০৯। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
১০। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।
১১। অফিস নথি।

২৫/০৯/২০১৯

(মোঃ দুলাল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক

F:\Rajib R-1410\SAudit 2%\Letter 2%.doc